রেজিস্টার্ড নং ডি এ-১

# বাংলাদেশ গেজেট

অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

বুধবার, জুলাই ১৮, ২০১৮

**গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার**

**মন্ত্রিপরিষদ বিভাগ**

**প্রজ্ঞাপন**

ঢাকা, ০৩ শ্রাবণ ১৪২৫ বঙ্গাব্দ/১৮ জুলাই ২০১৮ খ্রিস্টাব্দ

নম্বর: ০৪.০০.০০০০.৪২১.৬২.০২২.১৮.২২৮—জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান হত্যা মামলার প্রধান আইনজীবী অ্যাডভোকেট মো. সিরাজুল হকের একমাত্র কন্যা এবং বর্তমান সরকারের আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রী জনাব আনিসুল হকের বড় বোন মিসেস সায়মা ইসলাম গত ১৫ জুলাই ২০১৮ তারিখে রাজধানীর একটি হাসপাতালে চিকিৎসাধীন অবস্থায় ইন্তেকাল করেন (ইন্নালিল্লাহি ওয়া ইন্না ইলাইহি রাজিউন)। মৃত্যুকালে তাঁর বয়স হয়েছিল ৬৫ বছর।

২। মিসেস সায়মা ইসলামের মৃত্যুতে গভীর শোক প্রকাশ, মরহুমার বিদেহী আত্মার মাগফেরাত কামনা এবং তাঁর শোকসন্তপ্ত পরিবারের সদস্যদের প্রতি গভীর সমবেদনা জ্ঞাপন করে মন্ত্রিসভার ০১ শ্রাবণ ১৪২৫/১৬ জুলাই ২০১৮ তারিখের বৈঠকে একটি প্রস্তাব গ্রহণ করা হয়।

৩। মন্ত্রিসভার বৈঠকে গৃহীত উক্ত শোকপ্রস্তাব সকলের অবগতির জন্য প্রকাশ করা যাচ্ছে।

রাষ্ট্রপতির আদেশক্রমে,

এন এম জিয়াউল আলম
সচিব, সমন্বয় ও সংস্কার


মূল্য : টাকা ৪·০০

## মন্ত্রিসভার শোকপ্রস্তাব

ঢাকা : ০১ শ্রাবণ ১৪২৫ / ১৬ জুলাই ২০১৮

জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান হত্যা মামলার প্রধান আইনজীবী অ্যাডভোকেট মো. সিরাজুল হকের একমাত্র কন্যা এবং বর্তমান সরকারের আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রী জনাব আনিসুল হকের বড় বোন মিসেস সায়মা ইসলাম গত ১৫ জুলাই ২০১৮ তারিখে রাজধানীর একটি হাসপাতালে চিকিৎসাধীন অবস্থায় ইন্তেকাল করেন (ইন্নালিল্লাহি ওয়া ইন্না ইলাইহি রাজিউন)। মৃত্যুকালে তাঁর বয়স হয়েছিল ৬৫ বছর।

মিসেস সায়মা ইসলাম ৩০ মে ১৯৫৩ তারিখে জন্মগ্রহণ করেন। তিনি ভিকারুননিসা নূন স্কুলে লেখাপড়া করেন এবং পরে ১৯৭১ সালে ধানমন্ডি গার্লস স্কুল থেকে এস.এস.সি পাশ করেন। তাঁর একমাত্র পুত্র শেখ মোহাম্মদ ইফতেখারুল ইসলাম যুক্তরাজ্যের কার্ডিফ বিশ্ববিদ্যালয়ে অধ্যয়ন শেষে 'বার-এট-ল' করেন।

মৃত্যুকালে মিসেস সায়মা ইসলাম তাঁর মাতা মিসেস জাহানারা হক, স্বামী শেখ মোহাম্মদ মাহবুবুল ইসলাম, এক সন্তান মোহাম্মদ ইফতেখারুল ইসলাম এবং বহু আত্মীয়-স্বজন ও গুণগ্রাহী রেখে গেছেন।

মন্ত্রিসভা মিসেস সায়মা ইসলাম-এর মৃত্যুতে গভীর শোক প্রকাশ করছে। মন্ত্রিসভা মরহুমার বিদেহী আত্মার মাগফেরাত কামনা এবং তাঁর শোকসন্তপ্ত পরিবারের সদস্যদের প্রতি গভীর সমবেদনা জ্ঞাপন করছে।

মোঃ লাল হোসেন, উপপরিচালক, বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।
মোঃ ছরোয়ার হোসেন, উপপরিচালক (অতিরিক্ত দায়িত্ব), বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস, তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত। website : www.bgpress.gov.bd